

লিচুর বীজ ছিদ্রকারী পোকা (Litchi Seed Borer)

পোকা পরিচিতি

লিচুর বীজ ছিদ্রকারী পোকা খুবই গুরুত্বপূর্ণ। এ পোকাকার আক্রমণে লিচুর গুণগত মানকে মারাত্মক ভাবে প্রভাবিত করে। ফলের বাড়ন্ত অবস্থায় পূর্ণবয়স্ক পোকা ফলের বোটার কাছে খোসার নীচে ডিম পাড়ে। কয়েক দিনের মধ্যেই ডিম ফুটে কীড়া (লার্ভা) বের হয়। এ কীড়াগুলো ফলের বোটার দিকে ছিদ্র করে ভিতরে প্রবেশ করে এবং বীজ খেতে থাকে।

ক্ষতির লক্ষণ

ফল পাকার সময় বৃষ্টি হলে অথবা আকাশ মেঘলা থাকলে এ পোকাকার আক্রমণ বেশী হয়। লিচুর বীজ ছিদ্রকারী পোকাকার আক্রমণে ফলের ছিদ্রের মুখে করাতের গুড়ার মত বাদামী রংয়ের মিহি গুড়া উৎপন্ন করে। এতে আক্রান্ত ফলের বাজার মূল্য মারাত্মক ভাবে কমে যায়। অনেক সময় আক্রান্ত অংশে ফলের রং বাদামী থেকে কালো বর্ণ ধারণ করে।



আক্রান্ত লিচু



আক্রান্ত বাগান

সমন্বিত বালাই ব্যবস্থাপনা

- লিচুর মুকুল আসার দুই মাস পূর্বেই প্রতিনিয়ত লিচুগাছ সহ বাগানের আশে-পাশে পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে, যাতে করে লিচুর বীজ ছিদ্রকারী পোকাকার পোষক (Host) ধ্বংস প্রাপ্ত হয়;
- ফল সংগ্রহের পর মে-জুন মাসে একবার এবং পরবর্তীতে অক্টোবর-নভেম্বর মাসে দ্বিতীয় বার মরা ডাল-পালা ছাঁটাই বা ধ্বংস করতে হবে;
- ফেরোমন ট্র্যাপ ব্যবহার করে পূর্ণাঙ্গ পোকাকার মথ মেরে ফেলা যেতে পারে;
- আলোক ফাঁদ ব্যবহার করে লিচু বাগানের পূর্ণাঙ্গ পোকাকার মথ ধ্বংস করা যেতে পারে;
- প্রতিনিয়ত লিচু গাছ পর্যবেক্ষণ করতে হবে, এক্ষেত্রে লিচু ফলে আক্রান্তের প্রাথমিক পর্যায়ে সাইপারমেথ্রিন (Cypermethrin) গ্রুপের অনুমোদিত বালাইনাশক @১মিলি/লিটার অথবা ল্যামডা সাইহ্যালোথ্রিন (Lambda cyhalothrin) গ্রুপের অনুমোদিত বালাইনাশক @১মিলি/লিটার পানিতে মিশিয়ে স্প্রে করা যেতে পারে;
- লিচু ফল পরিপক্ব হওয়ার পর অর্থাৎ ফল পাকার পর বালাইনাশক ব্যবহার করা যাবে না, এক্ষেত্রে লিচু সংগ্রহের কমপক্ষে ১৪-২১ দিন পূর্বে (Pre Harvest Interval) অনুমোদিত বালাইনাশক বোতল বা প্যাকেটের গায়ে লেবেলে দেয়া সঠিক মাত্রায় প্রয়োগ করতে হবে।

আরো তথ্যের জন্য:

পরিচালক, উদ্ভিদ সংরক্ষণ উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা-১২১৫। E-mail: dppw@dae.gov.bd

বিস্তারিত জানার জন্য আপনার নিকটস্থ উপ-সহকারী কৃষি অফিসার বা উপজেলা কৃষি অফিসে যোগাযোগ করুন।

